গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**

## ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা ২০২৪

### ১। শিরোনাম

এই নীতিমালা **ডিএমটিসিএল কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা ২০২৪** নামে অভিহিত হইবে। ০১ জুলাই ২০২৪ তারিখ হইতে এই নীতিমালা কার্যকর হইবে।

### ২। সংজ্ঞা

ক. **কর্তৃপক্ষ** অর্থ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক;

খ. **কমিটি** অর্থ এই নীতিমালার ৬ষ্ঠ অনুচ্ছেদ অনুযায়ী গঠিত তহবিল ব্যবস্থাপনা এবং অনুদান কমিটি;

গ. **কর্মচারী** অর্থ ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পে সরাসরি, প্রেষণে ও চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী;

ঘ. **কোম্পানি** অর্থ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল);

ঙ. **তহবিল** অর্থ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর কর্মচারী কল্যাণ তহবিল; এবং

চ. **পরিবার** অর্থ কর্মচারীর স্ত্রী/স্বামী, পিতা-মাতা ও অপ্রাপ্তবয়স্ক সন্তান।

### ৩। সদস্যপদ

সকল কর্মচারী এই তহবিলের বাধ্যতামূলক সদস্য।

### ৪। তহবিলের উৎস

ক. সদস্যদের মাসিক চাঁদা;

খ. যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক স্বেচ্ছায় প্রদত্ত অনুদান;

গ. মহামারী/দূর্যোগ/বিশেষ পরিস্থিতিতে কর্মচারীদের এককালীন বিশেষ অনুদান; এবং

ঘ. অন্যান্য গ্রহণযোগ্য যে কোনো উৎস।

### ৫। সদস্যের প্রদেয় চাঁদা

ক. মাসিক চাঁদার হার

| **ক্রম** | **বেতন গ্রেড** | **চাঁদার পরিমান (টাকায়)** | | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| | | **অংকে** | **কথায়** | |
| ১. | গ্রেড-১ থেকে গ্রেড-৫ | ২৫০/- | দুইশত পঞ্চাশ টাকা | আউটসোর্সিং জনবল ব্যতীত |
| ২. | গ্রেড-৬ থেকে গ্রেড-৯ | ২০০/- | দুইশত টাকা | |
| ৩. | গ্রেড-১০ থেকে গ্রেড-১২ | ১০০/- | একশত টাকা | |
| ৪. | গ্রেড-১৩ থেকে তদনিম্ন | ৫০/- | পঞ্চাশ টাকা | |

খ. প্রত্যেক সদস্যের চাঁদা তাঁহার মাসিক বেতন বিল হইতে উপরিউল্লিখিত হারে কর্তন করা হইবে; এবং

গ. সংশ্লিষ্ট হিসাব শাখা কর্তনকৃত অর্থ প্রতি মাসের ৭ তারিখের মধ্যে কল্যাণ তহবিলের নির্ধারিত ব্যাংক হিসাবে স্থানান্তর করিবে এবং প্রমাণকসহ হিসাব বিবরণী **তহবিল ব্যবস্থাপনা এবং অনুদান কমিটি**'র সদস্য-সচিব বরাবর প্রেরণ করিবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

### ৬। তহবিল ব্যবস্থাপনা এবং অনুদান কমিটি

| | | |
|---|---|---|
| ক) | কোম্পানি সচিব, ডিএমটিসিএল | আহ্বায়ক |
| খ) | পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ), ডিএমটিসিএল এর প্রতিনিধি (মহাব্যবস্থাপক এর নিচে নহে) | সদস্য |
| গ) | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), ডিএমটিসিএল | সদস্য |
| ঘ) | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রতিনিধি (গ্রেড-৫ পদমর্যাদার নিচে নহে) | সদস্য |
| ঙ) | সহকারী ব্যবস্থাপক (অর্থ), ডিএমটিসিএল | সদস্য-সচিব |

### ৭। কমিটির কার্যপরিধি

ক) এই নীতিমালার অধীন বিভিন্ন উৎস হইতে তহবিল সংগ্রহ, তহবিলের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং কল্যাণ তহবিল হইতে অনুদানের আবেদন নিষ্পত্তি;

খ) কল্যাণ তহবিলের অর্থ কোনো লাভজনক বিনিয়োগের সুপারিশ; এবং

গ) প্রয়োজনে বাস্তবতার নিরিখে নীতিমালা সংশোধনের সুপারিশ।

### ৮। কর্মচারীর অনুদান প্রাপ্তির ক্ষেত্রসমূহ

ক. নিজ অথবা পরিবারের সদস্যের জটিল ও ব্যয়বহুল চিকিৎসা;

খ. চাকুরিরত অবস্থায় দূর্ঘটনায় আহত হওয়া;

গ. চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ;

ঘ. দরিদ্র কর্মচারীর সন্তানের বিবাহ; এবং

ঙ. দরিদ্র কর্মচারীর মেধাবী সন্তানের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য শিক্ষা সহায়তা।

### ৯। অনুদান প্রাপ্তির জন্য আবেদন পদ্ধতি

ক. অনুদান প্রাপ্তির জন্য কর্মচারীকে অথবা তাঁহার পরিবারের সদস্যকে নির্ধারিত ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করিতে হইবে; এবং

খ. ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত জনবলও অনুদান প্রাপ্তির জন্য আবেদন করিতে পারিবেন।

### ১০। অনুদান মঞ্জুরী

ক. তহবিল ব্যবস্থাপনা এবং অনুদান কমিটি সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা পর্যন্ত অনুদান মঞ্জুর করিতে পারিবে; এবং

খ. কোনো ক্ষেত্রে ১০,০০০/-(দশ হাজার) টাকার বেশি অনুদানের প্রয়োজন হইলে কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ মঞ্জুর করিবেন।

### ১০। হিসাব পরিচালনা

এই কল্যাণ তহবিলের অর্থ ব্যাংকের নির্ধারিত হিসাবে গচ্ছিত রাখা হইবে। কমিটির আহ্বায়ক এবং মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এঁর যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**১১। হিসাব ও নিরীক্ষা**

ক) কমিটি কর্তৃক নির্ধারিত ছকে (পরিশিষ্ট-খ) তহবিলের হিসাব রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে; এবং

খ) প্রতি অর্থ বৎসর সমাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি তহবিলের হিসাব নিরীক্ষা করিবে এবং কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করিবে।

**১২।** কমিটির সুপারিশের ভিত্তিতে এই নীতিমালার প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও পরিমার্জন করার ক্ষমতা ডিএমটিসিএল সংরক্ষণ করে।

| | | |
|---|---|---|
| 22.05.2024 | 22/05/2024 | 22/05/2024 |
| **(মো: আসাদুজ্জামান)**<br>উপ প্রকল্প পরিচালক (প্রশাসন)<br>এমআরটি লাইন-৫:নর্দার্ন রুট<br>ও<br>সদস্য, নীতিমালা প্রণয়ন কমিটি | **(এ এস এম সোহরাব হোসেন)**<br>উপপ্রকল্প পরিচালক (নিরীক্ষা ও হিসাব)<br>এমআরটি লাইন-৫:সাউদার্ন রুট<br>ও<br>সদস্য, নীতিমালা প্রণয়ন কমিটি | **(মোঃ আব্দুল বাতেন ফকির)**<br>মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)<br>ডিএমটিসিএল<br>ও<br>সদস্য, নীতিমালা প্রণয়ন কমিটি |
| 22/05/24 | 22/05/24 | 22/05/24 |
| **(নাজমুল ইসলাম ভূইয়া)**<br>উপমহাব্যবস্থাপক (প্রশাসন)<br>ডিএমটিসিএল<br>ও<br>সদস্য-সচিব, নীতিমালা প্রণয়ন কমিটি | **(মোঃ খুরশীদ আলম পাটওয়ারী)**<br>অতিরিক্ত প্রকল্প পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>এমআরটি লাইন-১<br>ও<br>সদস্য, নীতিমালা প্রণয়ন কমিটি | **(মোঃ আফতাবুজ্জামান)**<br>পরিচালক (অর্থ ও হিসাব)<br>ডিএমটিসিএল<br>ও<br>আহ্বায়ক, নীতিমালা প্রণয়ন কমিটি |

**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা ২০২৪ অনুমোদন**

ডিএমটিসিএল কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা ২০২৪ প্রণয়নের জন্য গত ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখ একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি একটি খসড়া নীতিমালা প্রণয়ন করে। কমিটি কর্তৃক প্রণীত খসড়া নীতিমালা চূড়ান্তকরণের লক্ষ্যে গত ১০ মার্চ ২০২৪ তারিখ সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপের মতামতের জন্য সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপের সদস্যদের মতামত অনুযায়ী প্রয়োজনীয় সংযোজন ও সংশোধনসহ নীতিমালাটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**মোঃ আফতাবুজ্জামান**
পরিচালক (অর্থ ও হিসাব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

**নাসির উদ্দিন আহমেদ**
পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

**মোঃ আব্দুল বাকী মিয়া**
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

**মোহাম্মদ আবদুর রউফ**
কোম্পানি সচিব (যুগ্মসচিব) [অতিরিক্ত দায়িত্ব]
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

**মোঃ আফতাবউদ্দিন তালুকদার**
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

**মোঃ আবুল কাসেম ভূঁঞা**
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)

**মোঃ আফতাব হোসেন খান**
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫):
নর্দার্ন রুট

**মোহাম্মদ আব্দুল ওহাব**
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিটডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫):
সাউদার্ন রুট [পিআরএফ]

**এম, এ, এন, ছিদ্দিক**
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড